

## আন্তর্জাতিক

# বন্যায় ক্ষতিগ্রস্তদের এক মাসের বেতন দেওয়ার সিদ্ধান্ত নেপালের মন্ত্রীদের



প্রতিবেদক: আন্তর্জাতিক ডেস্ক

প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



নেপালের ভয়াবহ বন্যায় ক্ষতিগ্রস্তদের সহায়তায় বিশেষ উদ্যোগ নিয়েছে দেশটির সরকার। সংগৃহীত ছবি

নেপালে ভয়াবহ বন্যায় ক্ষতিগ্রস্ত মানুষের সহায়তায় এক মাসের বেতন প্রধানমন্ত্রীর দুর্যোগ ত্রাণ তহবিলে দেওয়ার সিদ্ধান্ত নিয়েছেন দেশটির মন্ত্রীরা।

গুত্রবার (২৮ আগস্ট) মন্ত্রিসভার বৈঠকে এ সিদ্ধান্ত নেওয়া হয় বলে জানিয়েছে নেপালের প্রধানমন্ত্রীর কার্যালয় ও মন্ত্রিপরিষদ।

সরকারের এক বিবৃতিতে বলা হয়েছে, চলতি সপ্তাহে নেপাল-চীন সীমান্তবর্তী এলাকায় ভয়াবহ বন্যায় প্রাণহানি ও ব্যাপক ক্ষয়ক্ষতির পর দুর্গত মানুষের পাশে দাঁড়াতে মন্ত্রীরা তাদের এক মাসের বেতন ত্রাণ তহবিলে দেওয়ার সিদ্ধান্ত নেন।

এদিকে বন্যায় ক্ষতিগ্রস্ত মানুষ ও ব্যবসাপ্রতিষ্ঠানের পুনর্বাসনে বিশেষ সহায়তা প্যাকেজ তৈরির নির্দেশ দিয়েছে মন্ত্রিসভা। এ জন্য প্রয়োজনীয়

ব্যবস্থা নিতে অর্থ মন্ত্রণালয়কে নির্দেশ দেওয়া হয়েছে।

সরকার জানিয়েছে, নেপাল-চীন সীমান্তের রাসুওয়াগাধি, ভোতেকোশি নদীর আশপাশের এলাকা এবং এর নিম্নাঞ্চলে ক্ষতিগ্রস্তদের পুনর্বাসনকে অগ্রাধিকার দেওয়া হবে।

বন্যায় এসব এলাকায় ঘরবাড়ি, ব্যবসাপ্রতিষ্ঠান ও যোগাযোগ অবকাঠামোর ব্যাপক ক্ষতি হয়েছে। দুর্গত এলাকায় উদ্ধার ও ত্রাণ কার্যক্রম অব্যাহত রাখার পাশাপাশি, ক্ষয়ক্ষতি কাটিয়ে ওঠা এবং ক্ষতিগ্রস্তদের পুনর্বাসনে এখন বিশেষ গুরুত্ব দিচ্ছে নেপাল সরকার।

## এ বিভাগের আরও খবর



মধ্যপ্রাচ্যের উত্তেজনায় আবারও ১০০ ডলারের ওপরে তেল  
মধ্যপ্রাচ্যে বাড়তে থাকা উত্তেজনা এবং যুক্তরাষ্ট্রের মৌসিমিক উপসাগরীয় অঞ্চলে ঝড়ের আশঙ্কায় বিশ্ববাজারে জ্বালানি তেলের দাম বেড়েছে। যুগ্মার প্রে...



কুম্ সাগরে তেলবাহী জাহাজে হামলা, ২৩ ভারতীয় নাবিক উদ্ধার  
কুম্ সাগরে তেলবাহী একটি বাণিজ্যিক জাহাজে হামলা হয়েছে। হামলার পর জাহাজটিতে আগুন ধরে যায়। সেখান থেকে ২৩ ভারতীয় নাবিককে অক্ষত অবস্থায় উদ...



আরও তীব্র হচ্ছে ফ্রান্সে শিক্ষার্থীদের বিক্ষোভ, চাপে সরকার  
ফ্রান্সে শিক্ষার্থীদের বিক্ষোভ তীব্র আকার ধারণ করেছে। আজ মঙ্গলবার দেশটির বিভিন্ন শহরে বিক্ষোভ মিছিল করেছেন শিক্ষার্থী, শিক্ষক ও অভিভাবকেরা।...



পদার্থে নোবেল পেলেন ফ্রান্সিস হেলজেন  
চলতি বছর পদার্থবিজ্ঞানে নোবেল পুরস্কার পেয়েছেন বেলজিয়ামের পদার্থবিজ্ঞানী ফ্রান্সিস হেলজেন। সুইডেনের স্টকহোমে রয়্যাল সুইডিশ একাডেমি অব সায়েন্সে...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/international/bnjay-kshtigrstder-ek-maser-betn-deoyar-siddhant-nepaler-mntrider>